

# এস ই এল বার্তা

www.sel.com.bd

The Structural Engineers Ltd. এর মুখপত্র

e-mail : info@sel.com.bd

## আল-কোরআনের বাণী



"এরা তাদের মুখের হুঁ দিয়ে আল্লাহর নূরকে নিভিয়ে দিতে চায়। অথচ আল্লাহর ফায়সালা হলো তিনি তার নূরকে পূর্ণরূপে বিকশিত করবেন। কারোবরা তা যতই অপছন্দ করুক না কেন। তিনিই সেই মহান সত্ত্বা যিনি তাঁর রসূলকে হিদায়াত এবং 'বীন-ই হক্ব' দিয়ে পাঠিয়েছেন, যাতে তিনি এ বীনকে অন্য সকল বীনের ওপর বিজয়ী করেন, চাই তা মুশরিকদের কাছে যতই অসহনীয় হোক না কেন।"

- সূরা সফ, আয়াত : ৮-৯

## আল-হাদীসের বাণী



আবদুল্লাহ্ বিন মাসউদ (রা:) থেকে বর্ণিত। রাসূলুয়াহ্ সাহাব্বাহ্ আল্লাইহি ওয়া সাহাব্বাহু বলেন যে, যার অন্তরে অণু পরিমাণ অহংকার রয়েছে, সে জান্নাতে প্রবেশ করতে পারবে না। এক ব্যক্তি বলল- 'মানুষ পছন্দ করে যে, তার পোশাক ও জুতা সুন্দর হোক'। তিনি বললেন- 'নিচই আল্লাহ্ সুন্দর, তিনি সৌন্দর্যকে পছন্দ করেন। কিংবদন্তি বা অহংকার হলো কোন ব্যক্তির স্বদর্পে সত্যকে প্রত্যাখ্যান করা এবং মানুষকে তুচ্ছজ্ঞান করা।

- আল-হাদীস

## মণীষীর বাণী

যার মধ্যে সূর্যের মতন স্নেহ, নদীর মতন বদান্যতা এবং মাটির মতন আতিথেয়তা আছে; সেই প্রকৃত অর্থে ধার্মিক।

- হযরত খাজা মইনুদ্দিন চিশ্তী (রহঃ)

## নামাযের সময়সূচী

দিন	ওরু	পূ	জে	অ	অ	এ
	সকাল	সকাল	সকাল	সকাল	সকাল	সকাল
১	৪:৪৮	৬:২৪	১১:৪৬	৩:৩৮	৫:১৬	৬:৩৪
২	৪:৫০	৬:২৬	১১:৪৮	৩:৩৯	৫:১৬	৬:৩৫
৩	৪:৫০	৬:৩০	১১:৪৯	৩:৩৯	৫:২০	৬:৩৬
৪	৪:৫০	৬:৩০	১১:৪৯	৩:৪১	৫:২২	৬:৩৬
৫	৪:৫০	৬:৩০	১১:৪৯	৩:৪১	৫:২৪	৬:৩৬
৬	৪:৫১	৬:৩০	১২:০০	৩:৪৬	৫:২৭	৬:৩৬



## ত্রিশ বছরে



## দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ

আবদুল্লাহ্ নোমান : ত্রিশ একটি পূর্ণতার সংখ্যা। কালের হিসাবে তিন দশক। এই সংখ্যাকে ঘিরে কবি সাহিত্যিকদের অহংকার কমতি ছিলনা। কবি রবীন্দ্রনাথ ঠাকুর 'ত্রিশ' নামে একটি কবিতাও লিখেছেন। ত্রিশই একজন কর্মময় মানুষকে সফলতার উচ্চতা দেয়। এস ই এল ও সেই সফলতার উচ্চতাই অনুভব করছে। ১৯৮৩ সালের ৬ ডিসেম্বর ইঞ্জিনিয়ার মোঃ আব্দুল আউয়াল এর নেতৃত্বে "দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স" এর যাত্রা শুরু হয়। এর পরে ১৯৮৭ সালে জয়েন্ট স্টকে নিবন্ধিত হয়ে "দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড" নতুনভাবে যাত্রা শুরু করে। শুরুতে সততার সাথে সরকারি ও বেসরকারি সংস্থায় ঠিকাদারী ব্যবসায় নিয়োজিত থেকে সফল হয় অত্র প্রতিষ্ঠান। অর্জিত সফলতাকে পুঞ্জি করে ব্যবসার পাশাপাশি ১৯৯৫ সালে একটি প্রকল্পের কাজ শুরু মাধ্যমে আবাসন জগতে পদচারণা শুরু করে ১৯৯৭ সালে তা সমাপ্ত করে গ্রাহকদের কাছে হস্তান্তর করে।



হস্তান্তর, সর্বোপরি বিরয়োজন গ্রাহক সেবা প্রদানের মাধ্যমে রিয়েল এস্টেট জগতে এক বিরাট দৃষ্টিভঙ্গি স্থাপন করেছে।

নেতৃত্ব এবং 'টোট্যাল কোয়ালিটি ম্যানেজমেন্ট' চর্চাই এস.ই.এল-কে তার বর্তমান অবস্থায় নিয়ে এসেছে। ১৯৯৫ সাল থেকে অত্র প্রতিষ্ঠান 'টোট্যাল কোয়ালিটি ম্যানেজমেন্ট' চর্চা করে আসছে। মান সম্মত কাজের জন্য "টি কিউ এম" চর্চার বিকল্প নেই, এই মতাদর্শে অনুপ্রাণিত হয়ে প্রতিষ্ঠানের সকল কাজ পরিচালিত হচ্ছে। গ্রাহক সেবা ও কাজের মানের ব্যাপারে "দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড" আপোষহীন। এ জন্য প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিষদ আন্তরিকতার সাথে নিরবিচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে।

এছাড়া এ প্রতিষ্ঠানের অর্জিত সুনাম অকুণ্ণ রাখা ও মান বৃদ্ধির লক্ষ্যে 'টি কিউ এম' চর্চার পাশাপাশি 'আইএসও' এর নিয়ম-নীতি অনুসারে একটি 'কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম' (কিউএমএস) প্রতিষ্ঠা, বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে ২০১০ সালের শুরুতে 'আই এস ও' সনদ লাভ করে।

**Vision:**  
"Developing planned habitat for future generations"  
"ভবিষ্যত প্রজন্মের জন্য পরিকল্পিত আবাসন গড়াই আমাদের স্বপ্ন"

**Mission:**  
"Creating environment friendly dwellings for ultimate satisfaction of customers"  
"সর্বোচ্চ গ্রাহক সন্তুষ্টি ও পরিবেশবান্ধব বাসস্থান নির্মাণই আমাদের লক্ষ্য"

একটি প্রকল্প নিয়ে যাত্রা শুরু করলেও বর্তমানে চলতি প্রকল্পের সংখ্যা চল্লিশের কোটায়। আরও তেইশটি প্রকল্পের কাজ শুরু অপেক্ষায় রয়েছে। ইতিমধ্যে সফলতার সাথে ১২১টি প্রকল্প হস্তান্তর করা হয়েছে।

ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার মোঃ আব্দুল আউয়াল এর সুযোগ্য

## শুভেচ্ছা



প্রকৌশলী মোঃ আব্দুল আউয়াল  
ব্যবস্থাপনা পরিচালক  
দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ

আলহামদুলিল্লাহ-সমস্ত প্রশংসা পরম করণাময় আল্লাহ্ তা'য়ালার, যিনি আমাদেরকে সৃষ্টির সেরা জীব মানুষ হিসাবে সৃষ্টি করেছেন। জ্ঞান দিয়েছেন, অবল দিয়েছেন, বিবেক দিয়েছেন। সে জন্য আল্লাহ্‌পাকের দরবারে নাথাক শোকরিয়া।

১৯৮৩ থেকে ২০১৩ দীর্ঘ ত্রিশ বছর। অনেক চড়াই উত্তরাই পেরিয়ে এসে, এই এল আবাসন যাতে আজ একটি বহুল আলোচিত নাম। এটা সম্ভব হয়েছে এসে, এই এল এর প্রতি সম্মানিত জমির মালিক ও স্বেচ্ছাসেবকের অগাধ বিশ্বাস ও ভালোবাসা এবং অত্র কোম্পানিতে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী, সেই সাথে প্রকল্পে কর্মরত বিরাট সংখ্যক কর্মী বাহিনীর একত্বতা ও নিরলস পরিশ্রমের ফলে। তাই আমি আমার অস্তরের অস্ত্রস্বল থেকে সকলের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। পাশাপাশি আমাদের ব্যবসার অন্যতম সহযোগী সরবরাহকারীবৃন্দ আমাদের উপর আস্থা রেখে সার্বিক সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। বিশেষ করে বর্তমান সময়ে আবাসন খাত থেকেই যখন বিপর্যয়ের মধ্যে নিপতিত, অনেকেই যখন কাজ-কর্ম বন্ধ করে দিয়ে বসে আছেন, সেখানে আজ পর্যন্ত আমাদের সমস্ত প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্তির পথে এগিয়ে চলেছে। আমাদের সরবরাহকারীদের নিঃশর্ত সহযোগিতা ছাড়া এটা কোন অবস্থাতেই সম্ভব হতো না।

(দ্বিতীয় পাতায় দেখুন)



## SEL Readymix & Concrete Products Ltd.

a sister concern of

The Structural Engineers Ltd.

Contact:

01819 558 123, 018114 876 01-02